# মরুপ্রান্তর




মোশীর স্ত্রী সিপ্পোরা মারা গেলে পর তিনি একজন কূশীয় স্ত্রীলোককে বিয়ে করলেন।
দেখ - আমাদের ভাই একজন কূশীয় স্ত্রীলোককে বিয়ে করছেন!
সেই সাথে আরেকটি বিষয় আছে যা নিয়ে আমাদের ভাইয়ের সাথে কথা বলা দরকার...
সদাপ্রভু কি শুধু মোশির মধ্য দিয়েই কথা বলেছেন?
আমাদের মধ্য দিয়ে কি তিনি কথা বলেন নি?
জানার জন্য - মোশি ছিলেন একজন নম্র লোক, পৃথিবীর যে কোন লোকের চেয়ে নম্র।
সদাপ্রভু এই সব কথা শুনলেন এবং তাদের তিনজনকেই মিলন-তাম্বুর কাছে ডাকলেন।
মরিয়ম ও হারোণ... সামনের দিকে এগিয়ে এস। তোমরা আমার কথা শোন...
তোমাদের মধ্যে কোন নবী থাকলে আমি সদাপ্রভু দর্শনের মধ্য দিয়ে নিজেকে তার কাছে প্রকাশ করি আর কথা বলি স্বপ্নের মধ্য দিয়ে।
কিন্তু আমার দাস মোশি আমার পরিবারের সমস্ত কাজ বিশ্বস্তভাবে করে।
আমি তার সংগে সামনাসামনি পরিস্কার ভাবে কথা বলি, কোন ধাঁধার ভিতর দিয়ে নয়... সদাপ্রভু যে আকারে দেখা দেন সে তা দেখতে পায়।
এর পরেও তোমরা আমার দাস মোশির বিরুদ্ধে কথা বলতে ভয় পেলে না?


সদাপ্রভু সন্তুষ্ট ছিলেন না...
?? !!
তোমার চর্মরোগ হয়েছে!!
হে আমার প্রভু, আমরা বোকামি করে যে পাপ করে ফেলেছি তা আমাদের বিরুদ্ধে তুমি ধরে রেখো না।
যে শিশু মৃত অবস্থায় অর্ধেকটা ক্ষয়ে যাওয়া দেহ নিয়ে জন্মেছে মরিয়মকে তুমি সেই রকম থাকতে দিয়ো না।
হে সদাপ্রভু - দয়া করে তাকে সুস্থ কর!
তার বাবা যদি তার মুখে থুথু দিত তবে কি সে সাত দিন সেই লজ্জা বয়ে বেড়াত না?
সাত দিন তাকে ছাউনির বাইরে বন্ধ করে রাখ, তারপর তাকে ফিরিয়ে আনা যাবে।
আর মরিয়ম ফিরে না আসা পর্যন্ত ইস্রায়েলীয় লোকেরা তাদের যাত্রা বন্ধ করে রাখল।


ঈশ্বর মোশিকে বললেন যে তিনি ইস্রায়েলীয়দের যে দেশ দিতে যাচ্ছেন তার খোঁজ-খবর নেয়ার জন্য তিনি বারো গোষ্ঠীর প্রত্যেকটি থেকে একজন করে নেতা পাঠিয়ে দেন।
এদের মধ্যে তার সাহায্যক-ারী যিহোশূয়ও ছিলেন।
তোমরা নেগেভের মধ্য দিয়ে গিয়ে পাহাড়ী এলাকায় ঢুকবে।
দেশটা কেমন তা তোমরা দেখবে। সেখানকার লোকেরা কি দূর্বল না শক্তিশালী?
দেশটার খোঁজ-খবর নিয়ে তারা চল্লিশ দিন পর ফিরে আসলেন।
সেই বারোজন গুপ্তচর যা কিছু দেখলেন তা মোশি ও ইস্রায়েলের নেতাদের কাছে বর্ননা করলেন।
আমরা এই রকম আঙ্গুল ফল কোন দিন দেখি নি!
দেশটার খোঁজ-খবর নিয়ে তারা চল্লিশ দিন পর ফিরে আসলেন।



দেশটি সত্যিই দুধ আর মধুর দেশ-এই হল সেখানকার ফল।
কিন্তু যারা সেখানে বাস করে তাদের গায়ে শক্তি বেশি।
শহরগুলো বড় বড় দেয়াল দিয়ে ঘেরা। আমরা সেখানে অনাকের বংশের লোকদেরও দেখেছি।
অমালেকীয়েরা থাকে নেগেভে; হিত্তীয়, যিবূষীয় ও ইমোরীয়েরা থাকে পাহাড়ী এলাকায়; আর কনানীয়েরা থাকে সমুদ্রের কাছে এবং যর্দন নদীর কিনারা ধরে।
মোশি, তুমি আমাদেরকে মৃত্যুর কাছে নিয়ে এসেছ!
আমাদের সেখানে গিয়ে দেশটা দখল করে নেয়া উচিত, কারণ আমরা নিশ্চয়ই তা করতে পারব।
ঐ লোকদের সংগে যুদ্ধ করা আমাদের পক্ষে সম্ভব নয়; আমাদের চেয়ে তাদের গায়ে শক্তি বেশি!
যে সব লোক সেখানে বাস করে তারা সবাই দেখতে এক একজন দৈত্যের মত।
অনাকের বংশের দৈত্যদের কাছে আমরা এক একজন ঘাস-ফড়িং এর মত!


মিসর দেশ বা এই মরু এলাকায় মারা যাওয়াই ছিল আমাদের পক্ষে ভাল!
কেন ঈশ্বর আমাদেরকে এখানে মারা যাবার জন্য নিয়ে আসলেন? আমাদের স্ত্রী ও ছেলেমেয়েদের তারা কেড়ে নেবে।
এর চেয়ে মিসরে ফিরে যাওয়া কি আমাদের ভাল নয়?
আমাদের একজন নেতা ঠিক করা উচিত আর মিসরে ফিরে যাওয়া উচিত।
ঈশ্বর আমাদেরকে এই সুন্দর দেশটা দিতে পারেন।
দেশটি সত্যিই চমৎকার দেশ আর সদাপ্রভু যদি আমাদের উপর সন্তুষ্ট থাকেন তবে সেই দেশটায় তিনি আমাদের নিয়ে যাবেন।
সদাপ্রভুর বিরুদ্ধে বিদ্রোহ কোরো না।
তোমরা ঐ দেশের লোকদের ভয় কোরো না - আমরা তাদের গিলে খেয়ে ফেলব।
তাদের আর রক্ষার উপায় নেই কিন্তু সদাপ্রভু আমাদের সঙ্গে রয়েছেন।
আমরা তোমাদের পাথর ছুড়ে মেরে ফেলব - তোমাদের প্রত্যেককে!


তাদের মধ্যে আমি যে সব আশ্চর্য চিহ্ন দেখিয়েছি তার পরেও আর কতকাল তারা আমাকে অবিশ্বাস করবে?
আমি তাদের কাছ থেকে প্রতিজ্ঞা করা দেশের অধিকার কেড়ে নেব... কিন্তু তোমার মধ্য থেকে আমি তাদের চেয়েও বড় ও শক্তিশালী একটা জাতি সৃষ্টি করব।
কিন্তু এটা করলে তো কথাটা মিসরীয়দের কানে যাবে!
তাই তুমি যদি এদের সবাইকে মেরে ফেল তবে অন্য জাতির লোকেরা বলবে যে, "সদাপ্রভু ঐ লোকদের কাছে যে দেশ দেবার শপথ করেছিলেন সেখানে নিয়ে যাবার ক্ষমতা নেই বলেই তিনি মরু-এলাকাতে তাদের মেরে ফেলেছেন..."
সদাপ্রভু সহজে অসন্তুষ্ট হন না, তাঁর ভালবাসার সীমা নেই এবং তিনি অন্যায় ও বিদ্রোহ ক্ষমা করেন।
মিসর দেশ ছেড়ে আসবার সময় থেকে এই পর্যন্ত তুমি যেমন তাদের ক্ষমা করে আসছ তেমনি তোমার সেই অটল ভালবাসার সংগে মিল রেখে তুমি এই লোকদের অন্যায় ক্ষমা কর।
তোমার কথামত আমি তাদের পাপ ক্ষমা করলাম।
এই লোকদের একজনও সেই দেশ দেখতে পাবে না যে দেশ দেব বলে আমি তাদের পূর্বপুরুষদের কাছে শপথ করেছিলাম... যারা আমাকে তুচ্ছ করেছে তারা কেউই সেই দেশ দেখতে পাবে না।
কিন্তু আমার দাস কালেব যেহেতু আমার কথা পুরোপুরি মেনে চলে তাই যে দেশে সে গিয়েছিল আমি তাকে ও তার বংশধরদের তা সম্পত্তি হিসাবে দেব।
তোমরা আগামী কাল পিছন ফিরে আকাবা উপসাগরের রাস্তা ধরে মরু-এলাকার দিকে যাত্রা করবে।



তাদেরকে বল... আমার জীবনের দিব্য দিয়ে বলছি যে, আমি সদাপ্রভু তোমাদের যা বলতে শুনেছি তা-ই আমি তোমাদের প্রতি করব: তোমাদের মধ্যে বিশ বছর বা তারও বেশি বয়সের যাদের লোকগণনার সময় গোণা হয়েছিল, অর্থাৎ যারা আমার বিরুদ্ধে বকবক করেছিল, তাদের দেহ এই মরু-এলাকাতেই পড়ে থাকবে।
কালেব আর যিহোশূয় ছাড়া আর কেউ সেই দেশে ঢুকতে পারবে না।
তোমাদের যে ছেলে-মেয়েদের কেড়ে নেওয়া হবে বলে তোমরা বলেছিলে সেই ছেলেমেয়েদেরই আমি সেই দেশে নিয়ে যাব...এই ছেলেমেয়েরাই সেই দেশ ভোগ করবে যা তোমরা পায়ে ঠেলে দিয়েছ।
তোমাদের মৃতদেহ এই মরু-এলাকায় পড়ে থাকবে আর তোমাদের ছেলেমেয়েরা চল্লিশ বছর ধরে এখানে ভেড়া চরিয়ে বেড়াবে-দেশটা দেখে আসতে যে চল্লিশ দিন লেগেছিল তার প্রত্যেক দিনের জন্য এক বছর করে মোট চল্লিশ বছর।
তোমরা তোমাদের অন্যায়ের জন্য কষ্ট ভোগ করবে এবং বুঝবে যে আমার বিরুদ্ধে গেলে অবস্থাটা কেমন হয়।
আমি সদাপ্রভু এই কথা বলছি, আমি নিশ্চয়ই এই দুষ্ট জাতির বিরুদ্ধে এগুলো করব...তারা সবাই এই মরু-এলাকাতেই শেষ হয়ে যাবে; এখানেই তারা মারা যাবে।






গণনাপুস্তক ১৪:৩৬-৪৫



কোরহ এবং আরো ২৫০ জন নেতা মোশির বিরুদ্ধে দাঁড়াল।
মোশি, আপনি কি মনে করেন যে শুধু আপনিই সদাপ্রভুর খুব কাছের ব্যক্তি। আপনার মত আমরাও পবিত্র। আসলে গোটা ইস্রায়েলীয় সমাজই সদাপ্রভুর উদ্দেশ্যে আলাদা করা। আমরা কি করব তা বলার জন্য আর আমাদের উপর রাজত্ব করার জন্য আপনার বা হারোন কারোরই প্রয়োজন নেই।
হ্যাঁ, মরু-এলাকায় যা কিছু ঘটছে তাতে আমি খুবই ক্লান্ত আর এখানে ঘুরতে ঘুরতেই সদাপ্রভু আমাদের মেরে ফেলুন।
এটি মোশির ভুল। তার মান অনেক উপরে।
মোশি আবাস-তাম্বুর কাছে গেলেন আর কি করতে হবে তা সদাপ্রভুকে জিজ্ঞাসা করলেন।
সদাপ্রভু বললেন, “লেবীয় পুত্র, তুমি তোমার উপর অনেক দায়িত্ব নিচ্ছ। যাদেরকে সদাপ্রভু নিয়োগ করেন নাই এমন ব্যক্তিও যাজক হয়ে উঠবে।”
সদাপ্রভু আমাদের মধ্যে বিচার করবেন আর তাতে আমরা জানতে পারব যে কে তাঁর লোক আর কে তাঁর উদ্দেশ্যে আলাদা করা আর কে নয়।
কাল সকালে আবাস-তাম্বুর সামনে চলে এস। তোমাদের ধূপাধারে আগুন নিয়ে এস।
গণনাপুস্তক ১৬:১-৭






গণনাপুস্তক ১৬:১৯-২৬


এই লোকদের যদি স্বাভাবিক মৃত্যু হয় তাহলে বুঝতে হবে সদাপ্রভু আমাকে পাঠান নি।
কিন্তু সদাপ্রভু যদি সম্পূর্ণ নতুন কিছু করেন এবং পৃথিবী মুখ খুলে যদি তাদের ও তাদের সব কিছু গিলে ফেলে আর যদি তারা জ্যান্ত অবস্থায় মৃতস্থানে চলে যায় তবে তোমরা বুঝবে যে এই লোকেরা সদাপ্রভুকে তুচ্ছ করেছেন আর আমিই তার পাঠানো নবী।
মোশির এই কথা বলা শেষ হওয়ার সংগে সংগে ঐ সব লোকদের পায়ের নীচের মাটি দু'ভাগ হয়ে গেল, আর পৃথিবী মুখ খুলে কোরহের পরিবারের সমস্ত লোক এবং সবকিছু গিলে ফেলল। তারপর তাদের উপরকার সেই ফাটলটা বন্ধ হয়ে গেল।
KRAKA BOOM
RRUMMBLE
সাহায্য কর!
ইয়াইইইই!
এদিকে যে দু'শো পঞ্চাশজন লোক ধূপ উৎসর্গ করছিল সদাপ্রভুর কাছ থেকে আগুন বের হয়ে এসে তাদের পুড়িয়ে ফেলল।






গণনাপুস্তক ১৬:৩৬-৪৯


ইস্রায়েলীয়রা সীন মরু-এলাকায় পৌঁছে কাদেশের কাছে গিয়ে রইল। মরিয়ম সেখানে মারা গেলেন এবং তাকে কবর দেয়া হল - আর পুনরায় তারা বিদ্রোহ শুরু করল।
তুমি আমাদেরকে পশুপাল সুদ্ধ মারা যাওয়ার জন্য এই মরু-এলাকায় নিয়ে এসেছ।
তুমি আমাদেরকে পশুপাল সুদ্ধ মারা যাওয়ার জন্য এই মরু-এলাকায় নিয়ে এসেছ।
আমাদের ভাইয়েরা যখন সদাপ্রভুর সামনে মারা গেল তখন যদি আমরাও মরতাম তবে ভাল হত!
কোথায় সেই উর্বর জমি আর শস্য যার কথা তুমি আমাদের বলেছিলে?
এমনকি এখানে খাওয়ার জল পর্যন্ত নেই! কেন?
হারোণের লাঠিটা নাও আর লোকদেরকে এক জায়গায় জড়ো কর।
যখন তারা দেখবে, তখন এই পাথরকে বল আর তাতে সে জল দিবে!
ইস্রায়েলীয়রা ও তাদের পশুপাল যাতে খেতে পারে সেই জন্য তুমি তাদের জন্য পাথর থেকে জল বের করে আনবে!






গণনাপুস্তক ২০:৯-১৩



মোশি ইদোমের রাজার কাছে খবর পাঠালেন যেন তিনি তাদেরকে তার দেশের উপর দিয়ে যেতে দেন কারণ তারা যাকোব ও এষৌ-এর বংশের মধ্য দিয়ে সম্পর্কযুক্ত ছিল।
কিন্তু ইদোমের রাজা একটি বড় সৈন্যবাহিনী নিয়ে বের হয়ে আসলেন এবং তার দেশের মধ্যে দিয়ে যেতে দিতে অস্বীকার করলেন।
যখন ইস্রায়েলীয়রা হোর পাহাড়ের কাছে গিয়ে উপস্থিত হল, হারোণ মারা গেলেন, কারণ সদাপ্রভু বলেছিলেন, "যে দেশ আমি ইস্রায়েলীয়দের দেব তার সেখানে যাওয়া হবে না, কারণ মরীবাতে সেই জলের ব্যাপারে তোমরা আমার আদেশের বিরুদ্ধে কাজ করেছিলে।"
কিন্তু এরপর যখনই ইস্রায়েলীয়রা হোর পাহাড় থেকে সরে গেল তখন আবারও তারা মোশি ও ঈশ্বরের বিরুদ্ধে কথা বলতে লাগল, আর এবার সদাপ্রভু তাদের সাথে ভিন্নভাবে কাজ করলেন।
আর কতকাল আমরা মোশির নেতৃত্ব আর এই সব দুঃখ কষ্ট সহ্য করব?
এই একই খাবার বার বার খেতে ভাল লাগে না।
এই! দেখ।
সাপ ... অনেকগুলো সাপ!
সদাপ্রভু তাদের মধ্যে অনেকগুলো বিষাক্ত সাপ পাঠিয়ে দিলেন। সদাপ্রভু দয়ালু, কিন্তু তিনি পাপকে চিরকাল সহ্য করবেন না।


খুব শীঘ্রই পুরো ছাউনিতে বিষাক্ত সাপে ভরে গেল।
এই সাপগুলো এমনকি রাতেও তাদের তাম্বুর মধ্যে গিয়ে কামড়াত।
সদাপ্রভু আমাদের সাহায্য করুন!
হিসসসসসস
আমাকে বাঁচাও। আমাকে সাপে কামড়িয়েছে।
এমনকি শিশুরাও তাদের বাবা-মাদের পাপের জন্য কষ্টভোগ করতে লাগল।
না, যোয়াব!
বাবা!
না....!



গণনাপুস্তক ২১:৬










গণনাপুস্তক ২১:৭-৮


সদাপ্রভু একটি উপায় দিলেন। শুধুমাত্র ব্রোঞ্জের সাপের দিকে তাকালেই সে সুস্থ হয়ে যাবে।
সে মারা যাচ্ছে।
না! সদাপ্রভু একটি উপায় দিয়েছেন।
আমার স্বামী!
সাপগুলো সব জায়গায় আছে!
সে মারা যাওয়ার আগেই আমাদেরকে তাকে ঐ ব্রোঞ্জের সাপের খুঁটির কাছে নিয়ে যেতে হবে!
ঐ দিকে তাকাও তাহলে তুমি বেঁচে যাবে!
গণনাপুস্তক ২১:৯










গণনাপুস্তক ২১:৯, ৩২:১৩






গণনাপুস্তক ২২:১-১২




গণনাপুস্তক ২২:১৩-২০





গণনাপুস্তক ২২:২১-২৭




গণনাপুস্তক ২২:২৮-৩৮






গণনাপুস্তক ২২:৩৭-২৩:১৩


পিস্‌গা পাহাড়ের উপরে বালাক আরো সাতটি বেদী নির্মান করলেন এবং পশু উৎসর্গ করলেন।
এই পোড়ানো-উৎসর্গের অনুষ্ঠানের কাছে আপনি থাকুন আর আমি ঐদিকে গিয়ে সদাপ্রভুর সংগে দেখা করি।
সদাপ্রভু আপনাকে কি বলেছেন?
বালাক, উঠুন, শুনুন।
ঈশ্বর তো মানুষ নন যে, মিথ্যা বলবেন - মানুষ থেকে তাঁর জন্মও নয় যে, মন বদলাবেন।
ঈশ্বর তো মানুষ নন যে, মিথ্যা বলবেন - মানুষ থেকে তাঁর জন্মও নয় যে, মন বদলাবেন।
যাকোবের উপর কোন যাদুবিদ্যা খাটবে না - ইস্রায়েলের উপর খাটবে না কোন মন্ত্রতন্ত্র।
সিংহের মত করে তারা নিজেদের তুলে ধরবে আর শিকার করা প্রাণীর রক্ত ও মাংস খেয়ে না ফেলা পর্যন্ত তারা বিশ্রাম করবে না!
আপনি যদি তাদের অভিশাপ নাই দেন, অনন্ত তাদের আশির্বাদ করবেন না!
আমি কি আপনাকে বলি নি যে, সদাপ্রভু যা বলবেন তা আমাকে করতেই হবে?
চলুন, আমি আপনাকে আর এক জায়গায় নিয়ে যাই- হয়তো ঈশ্বর খুশী হয়ে সেখান থেকে আপনাকে আমার পক্ষ থেকে তাদের অভিশাপ দিতে দেবেন।


এরপর তারা পিয়োর পাহাড়ের উপরে আরো সাতটি উৎসর্গের বেদী নির্মান করলেন।
কিন্তু বিলিয়ম দেখলেন যে, ইস্রায়েলীয়দের আশির্বাদ করাই সদাপ্রভুর ইচ্ছা তাই তিনি অন্যান্য বারের মত যাদুমন্ত্রের সাহায্য নেবার চেষ্টা করলেন না।
ঈশ্বর সদাপ্রভু আমাকে যা দেখাতে চান তা আমি দেখেছি...আমার চোখ খোলা রয়েছে।
ঈশ্বর সদাপ্রভু আমাকে যা দেখাতে চান তা আমি দেখেছি...আমার চোখ খোলা রয়েছে।
তাদের রাজা হবে অগাগের চেয়েও মহান-তাদের রাজ্য মহিমায় অনেক উঁচুতে থাকবে।
ঈশ্বর মিসর থেকে তাদের বের করে এনেছেন।
তিনিই তাদের পক্ষে বুনো ষাঁড়ের শক্তির মত আর তাদের বিরুদ্ধে যে সব জাতি দাঁড়াবে তারা তাদের গিলে ফেলবে।
??!!
সিংহ ও সিংহীর মত তারা গুড়ি মারবে আর শুয়ে পড়বে - তখন কে তাদের জাগাতে সাহস করবে?
যারা তোমাকে আশির্বাদ করে তাদের উপর তেমনি আশির্বাদ পড়ুক; আর যারা অভিশাপ দেয়, তাদের উপর তেমনি অভিশাপ পড়ুক।



আমার শত্রুদের অভিশাপ দেবার জন্য আমি আপনাকে ডেকে এনেছিলাম কিন্তু এই নিয়ে তিনবার আপনি তাদের আশির্বাদ করলেন।
আপনি বাড়ী চলে যান - আমি আপনাকে যে পুরস্কার দেব বলেছিলাম কিন্তু সদাপ্রভু তা আপনাকে পেতে দিলেন না!
আমি আপনার পাঠানো লোকদের বলেছিলাম যে এমনকি সোনা-রুপায় ভরা রাজবাড়ীটা দিলেও আমি সদাপ্রভুর আদেশের বাইরে যেতে পারব না।
আমি ফিরে যাচ্ছি কিন্তু তার আগে আমি আপনাকে সাবধান করে বলে দিয়ে যাচ্ছি এই জাতি ভবিষ্যতে আপনার জাতির প্রতি কি করবে!
ইস্রায়েলীয়রা ইদোম আর সেয়ীরকে দখল করে নেবে আর তাদের শত্রুদের জয় করবে।
যাকোবের বংশ থেকে একজন শাসনকর্তা আসবেন আর অনেক শহর ধ্বংস হবে।
"সব জাতির মধ্যে অমালেকীয়েরা ছিল প্রধান, কিন্তু ধ্বংসেই তার শেষ হবে।"
"অসিরীয়দের দেশেই কেনীয়েরা ধ্বংস হয়ে যাবে।"
"অসিরীয়দের দেশেই কেনীয়েরা ধ্বংস হয়ে যাবে।"
"অসিরীয়দের দেশেই কেনীয়েরা ধ্বংস হয়ে যাবে।"


শিটীম শহরের কাছে থাকবার সময় ইস্রায়েলীয়রা মোয়াবীয় স্ত্রীলোকদের সংগে ব্যভিচার শুরু করেছিল।
এদের মধ্যে অনেকেই বাল দেব-দেবীদের উদ্দেশ্যে পশু উৎসর্গ করতে শুরু করল।
সদাপ্রভুর ক্রোধের আগুন ইস্রায়েলীয়দের বিরুদ্ধে জ্বলে উঠল আর তিনি মোশিকে এই আজ্ঞা দিলেন।
ইস্রায়েলীয়দের সমস্ত নেতাদের তুমি মেরে ফেল।
দিনের আলোতে আমার সামনে তাদের দেহগুলো ফেলে রাখ...এতে ইস্রায়েলীয়দের উপর থেকে আমার সেই ভীষণ ক্রোধ দূর হবে।
দিনের আলোতে আমার সামনে তাদের দেহগুলো ফেলে রাখ...এতে ইস্রায়েলীয়দের উপর থেকে আমার সেই ভীষণ ক্রোধ দূর হবে।



যখন মোশি ও অন্য ইস্রায়েলীয়রা মিলন-তাম্বুর দরজার কাছে কান্নাকাটি করছিল তখন একজন ইস্রায়েলীয় লোক অতিরিক্ত সাহসের কাজ করে বসল।
বাল-দেবতাদের পূজার করার জন্য আমাদেরকে ক্ষমা করুন!
ছাউনির সমস্ত লোকদের সামনে দিয়ে সে একজন মিদিয়নীয় স্ত্রীলোককে তার পরিবারের মধ্যে নিয়ে গেল।
পুরোহিত হারোণের নাতি ইলিয়াসরের ছেলে পীনহস ঐ লোকদের পিছনে পিছনে তাদের তাম্বুর ভিতরে গিয়ে ঢুকলেন।
সে এই লোকদের কাছে এসে হাতে থাকা বর্শা তাদের পেটের ভিতর ঢুকিয়ে দিলেন।
তখন ইস্রায়েলীয়দের বিরুদ্ধে সদাপ্রভুর মড়ক থেমে গেল - কিন্তু ততক্ষণে ২৪০০০ হাজার লোক মারা গেল।


পুরোহিত হারোণের নাতি, অর্থাৎ ইলিয়াসরের ছেলে পীনহস ইস্রায়েলীয়দের উপর থেকে আমার ক্রোধ দূর করেছে।
ইস্রায়েলীয়দের মধ্যে সে আমার পাওনা ভক্তি সম্বন্ধে আমারই মত আগ্রহী। তাই আমার পাওনা ভক্তি সম্বন্ধে আমার গভীর আগ্রহ থাকলেও আমি তাদের শেষ করে দিই নি।
সেইজন্য তুমি তাকে বল যে, আমি তার জন্য একটা মংগলের ব্যবস্থা স্থাপন করছি।
সে তার ঈশ্বরের পাওনা ভক্তি সম্বন্ধে আগ্রহী হয়ে ইস্রায়েলীয়দের পাপ ঢাকা দেবার কাজ করেছে বলে আমি তার জন্য এমন ব্যবস্থা করছি যাতে পুরোহিতের পদ তার ও তার বংশধরদের মধ্যে চিরকাল ধরে থাকে।
এর পর সদাপ্রভু মোশিকে নির্দেশ দিলেন যেন ইস্রায়েলীয়দের মধ্যে যাদের বয়স বিশ বা তার বেশি, অর্থাৎ যারা যুদ্ধে যাবার মত হয়েছে, পরিবার অনুসারে তোমরা তাদের গণনা কর।
গণনা করা ইস্রায়েলীয়দের মোট সংখ্যা হয়েছিল ছয় লক্ষ এক হাজার সাতশো ত্রিশ - এদের মধ্যে ২৩০০০ হাজার লেবীয় ছিল না।
এরপর সদাপ্রভু মোশিকে তার প্রতিজ্ঞাত দেশের জমি প্রত্যেক গোষ্ঠী তার গণনা করা লোকদের সংখ্যা অনুসারে জায়গা ভাগ করে দিতে নির্দেশ দিলেন।


যেভাবে মোশি নির্দেশ দিয়েছিলেন সেই ভাবে পুরোহিতরা মিলন-তাম্বুর কাছে জড়ো হলেন এবং প্রতিদিনের উৎসর্গ সম্পন্ন করলেন।
মরু-এলাকায় চল্লিশ বছর কাটানোর পর, যখন সবাই প্রতিজ্ঞাত দেশে প্রবেশের প্রস্তুতি নিচ্ছিল, তখন সদাপ্রভু মোশিকে পাহাড়ের উপর ডাকলেন। সেখানে সদাপ্রভুর সাথে শেষ কথা বলার পর তিনি শুয়ে পড়লেন আর নীরবে মারা গেলেন।
তখনই তার আত্মা সদাপ্রভুর উপস্থিতির মধ্যে চলে গেল। সেখানে তিনি অনন্তকাল সময়ের সাথে যুক্ত হলেন আর সদাপ্রভু অব্রাহামের কাছে যে দেশের প্রতিজ্ঞা করেছিলেন সেই দেশে তার লোকদের সংগে যোগ দিলেন।
দ্বিতীয় বিবরণ ৩৪:৪-৫


৪০০ বছর পার হয়ে গেছে যখন যিহোবা সদাপ্রভু অব্রাহামকে তার দেশ ও জাতিকে ছেড়ে আসতে বলেছিলেন আর যে দেশ তিনি দেখান সেই দেশে যেতে বলেছিলেন।
সদাপ্রভু অব্রাহাম ও সারার কাছে তাদের পুত্র ইসহাকের মধ্যে দিয়ে একটি মহান জাতি তৈরী করার যে প্রতিজ্ঞা করেছিলেন তা পূর্ণ হল।
যাকোব যার নাম পরিবর্তন করে ইস্রায়েল রাখা হয় তার বারো ছেলের মধ্যে দিয়ে বারোটি জাতিগোষ্ঠী তৈরী হয় আর একটি মহা জাতিতে পরিনত হয়।
তারা দাসত্ব সহ্য করে, মোশির সাথে মরু-এলাকায় কষ্টভোগ করে, সদাপ্রভুর আজ্ঞা বা আইন পায় আর এখন সেই প্রতিজ্ঞাত দেশে প্রবেশ করছে।
মরুভুমির এই যাত্রার মধ্যে মোশির পাশাপাশি একজন যুবক ছেলে লক্ষ্য করছিল আর শিখছিল যে কিভাবে ইস্রায়েল জাতিকে পরিচালনা করতে হয়।
এই যুবক ছেলেটিই শক্তিশালী যোদ্ধা যিহোশূয়ে পরিনত হয়।


মোশি সদাপ্রভুর কাছে চলে যাওয়ার পর, সদাপ্রভু যিহোশূয়কে পছন্দ করেন যেন তিনি অব্রাহামের কাছে তাঁর প্রতিজ্ঞাত দেশে এই লোকদের পরিচালনা করে নিয়ে যেতে পারেন।
ইস্রায়েলীয়রা সেই ভবিষ্যতবানী স্মরণ করল যে তারা বিদেশের মাটিতে পরজাতি হিসাবে থাকবে আর ৪০০ বছর পর তারা পুনরায় আবার তাদের পূর্বপুরুষদের দেশে ফিরে যাবে। সদাপ্রভু তাঁর প্রতিজ্ঞা রক্ষা করেছেন।
যর্দন নদী পার হওয়ার পর স্বর্গ থেকে মান্না পড়া বন্ধ হয়ে গেল আর তারা সেই দেশের সজীব খাবার খেতে লাগলেন।
এটি একটি চমৎকার দেশ যা সদাপ্রভু আমাদের দিয়েছেন।
হ্যাঁ, এটি একটি সুন্দর জায়গা যেখানে আমরা আমাদের সন্তানদের বড় করে তুলতে পারি আর তাদের শিক্ষা দিতে পারি যেন তারা পবিত্রতায় ও শান্তিতে বাস করে।
দ্বিতীয় বিবরণ ৩৪:৯; যিহোশূয় ৫:১২





**SUPERBIBLE.TV**